যুগান্তর

17 NOV 2012
পৃষ্ঠা 2 কলাম

শিক্ষা আইনের ধারা বাতিল দাবি


# রাজধানীতে পুস্তক ব্যবসায়ীদের মানববন্ধন

যুগান্তর রিপোর্ট

প্রস্তাবিত শিক্ষা আইনের কয়েকটি ধারা বাতিলের দাবিতে পুস্তক প্রকাশক ও ব্যবসায়ীরা রাজধানীতে সমাবেশ করেছেন। শনিবার সকাল থেকে বিকাল পর্যন্ত ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউটে ওই সমাবেশ অনুষ্ঠিত হয়। পরে সেখান থেকে প্রেস ক্লাব পর্যন্ত বিশাল মানববন্ধন করা হয়। এতে সারাদেশের কয়েক হাজার প্রকাশক ও বিক্রেতা যোগদান করেন।

সমাবেশ ও মানববন্ধন থেকে হুঁশিয়ারি দিয়ে বলা হয়, এই শিল্পের সঙ্গে দেশের ২০ লাখ মানুষের রুটি-রুজি জড়িত। যদি আইনে ওই অনর্থক বিধিমালা সংযোজন করা হয়, তাহলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে।

বক্তারা বলেন, নোট-গাইডের ব্যাপারে ১৯৮০ সালের যে আইন রয়েছে, তার সঙ্গে বর্তমানে প্রকাশিত তাদের বইয়ের দূরতম সম্পর্ক নেই। সরকার যে আধুনিক সৃজনশীল পরীক্ষা ও শিক্ষা প্রবর্তন করেছে, তার কারণে নোট-গাইড করা সম্ভব নয়। তারা এখন অনুশীলন গ্রন্থ প্রকাশ করে থাকেন। এটা বিশ্বের সব দেশে হয়ে থাকে। কিন্তু এর পরও প্রস্তাবিত শিক্ষা আইনে বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। তাদের প্রশ্ন, সরকার কি তাহলে শিক্ষার্থীদের এনসিটিবি প্রকাশিত ওটি কয়েক বইয়ের মধ্যে সীমাবদ্ধ রাখতে চায়। প্রকাশকরা দাবি করেন, এ সবই দেশের প্রকাশনা শিল্পকে ধ্বংস করার অপচেষ্টা মাত্র। এর বিরুদ্ধে তারা দেশবাসীকেও সোচ্চার হওয়ার আহ্বান জানান। মানববন্ধনে নেতৃত্ব দেন বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সভাপতি আলমগীর সিকদার লোটন। সমিতির নেতারা ছাড়াও ঢাকার বাইরের বিভিন্ন জেলা শাখার নেতা ও সাধারণ ব্যবসায়ীরা যোগদান করেন। তবে এতে রাজধানীকেন্দ্রিক অনেক বড় বড় প্রকাশক, সমিতির গুরুত্বপূর্ণ পদের নেতা এবং ব্যবসায়ীদের দেখা যায়নি।



যুগান্তর

বই প্রকাশ নিয়ে প্রস্তাবিত আইন বাতিলের দাবিতে শনিবার রাজধানীতে পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির মানববন্ধন